



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/বালকাঠি-২০/০৭

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১
৩০ অক্টোবর ২০২৪

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে

- ১। স্মারক নম্বর: বামাশিবো/প্রশা/২২৪২০১০১৮৫৭১/২৬৫১২/নথি নং -২০, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৪খ্রি.
- ২। স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০২১, তারিখ: ২৭ মার্চ ২০২৪খ্রি.
- ৩। স্মারক নম্বর: ০৫.১০.৪২৭৩.০০২.০৩.০০৪.২৪.৫৪২, তারিখ: ১১ জুলাই ২০২৪খ্রি.
- ৪। স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০৫২, তারিখ: ৩০ জুলাই ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বালকাঠি জেলার নলছিটি উপজেলাধীন অনুরাগ গৌরিপাশা আল হাসান দাখিল মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১০১৮৫৭) ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির অনুমোদিত কমিটির ০৮জন সদস্যের সদস্যপদ নেই মর্মে জনাব মোঃ নুরুল আমিন মুন্সী কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ০২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, বালকাঠিকে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগ প্রমাণিত হয়েছে। ম্যানেজিং কমিটির ১১জন সদস্যের মধ্যে ০৭ জন সদস্যেরই বর্তমানে সদস্য পদে থাকার বৈধতা নেই, সভাপতি ও দাতা একই ব্যক্তি, ভারপ্রাপ্ত সুপার (সদস্য সচিব) বর্তমান কমিটির বিরুদ্ধে, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য আইনগত অভিভাবক এবং একজন সাধারণ শিক্ষক সদস্য সভাপতি বরাবর পদত্যাগ করেছেন। সভাপতি সাহেব মাদ্রাসার রিজার্ভ ফান্ড ও টিউশন ফি-এর সর্বমোট ১,০৫,০০০/- (এক লক্ষ পাঁচ হাজার টাকা মাত্র) তুলে নিয়েছেন মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সূত্রোক্ত ০৪নং পত্রে ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব প্রদানের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত জবাবে ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়ার জন্য অনুরোধ করেন এবং সভাপতি কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়, ম্যানেজিং কমিটির বিষয়ে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সভাপতি কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো এবং মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬
৩০/১০/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৬
৩০/১০/২৪


সুপার /ভারপ্রাপ্ত সুপার
অনুরাগ গৌরিপাশা আল হাসান দাখিল মাদ্রাসা
পো: নলছিটি, উপজেলা: নলছিটি, জেলা: বালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-২০/১৭ (৯)

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১
৩০ অক্টোবর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল;
৪. জেলা প্রশাসক, ঝালকাঠি;
৫. উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৬. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠি;
৮. ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক পিএলসি _____ শাখা, নলছিটি, ঝালকাঠি;
৯. অফিস কপি।



১৪/১০/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৪/১০/২৪